

## ইটনা উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী




সভাপতি : জনাব নাছরিন সুলতানা মুক্তি, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইটনা

তারিখ: ১৩/০৪/২০২২খ্রি:

সময়: ১১:০০ঘটিকায়

স্থান: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের অফিস কক্ষ, ইটনা, কিশোরগঞ্জ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকাঃ

ক্রঃ নং	নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব নাছরিন সুলতানা মুক্তি	মহিলা ভাইস চেয়ারম্যান	সভাপতি	
০২	জনাব মোঃ সাখাওয়াত হোসেন	ভাইস চেয়ারম্যান	সদস্য	
০৩	জনাব মোঃ কামরুল হাসান	চেয়ারম্যান, মৃগা ইউপি	সদস্য	
০৪	জনাব ফয়ছল কবির মনোয়ার হোসেন মিল্কী	চেয়ারম্যান, রায়টুটী ইউপি	সদস্য	
০৫	জনাব মোঃ আবদুস সালাম	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য- সচিব	


আলোচ্য বিষয় সমূহঃ

- ১। শীতকালীন স্পোর্টস সংক্রান্ত আলোচনা
- ২। খেলা ধুলা সামগ্রী বিতরণ সংক্রান্ত।
- ৩। বিবিধ।

অদ্য ১৩/০৪/২০২২ খ্রি: রোজ বুধবার সকাল ১১:০০ ঘটিকায় জনাব নাছরিন সুলতানা মুক্তি, মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, ইটনা উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি এর সভাপতিত্বে ইটনা উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি উপস্থি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতির অনুমতি স্বাপেক্ষে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, ইটনা উপজেলায় অন্যান্য বছরের ন্যায় এ বছরও শীতে আন্ত:স্কুল ফুটবল টুর্নামেন্ট, হকি, ব্যাডমিন্টন, লং জাম্প, হাই জাম্প ও শারিরিক কসরত অনুষ্ঠিত হবে। উক্ত খেলায় মাধ্যমিক স্কুল সমূহের প্রধান শিক্ষক বরাবর দ্রুত চিটি দিয়ে জানানো হবে। তিনি আরো বলেন স্কুল সমূহে আইসিটি শিক্ষাকে আরো বেগবান করতে সরকার মাধ্যমিক স্কুল সমূহে ল্যাপটপ বিতরণ অব্যাহত রেখেছে। এতে করে স্কুলের কোমলমতি ছাত্র ছাত্রীবৃন্দ আইসিটি শিক্ষা সম্পর্কে ধারণা পাবে যার ফল স্বরূপ দক্ষ মানব শক্তি গড়ে উঠবে। তাছাড়া খেলাধূলা সামগ্রী নিয়েও বিস্তারিত আলোচনা করা হয়।

পরিশেষে আলোচনার আর কোন বিষয় না থাকায় সর্বসম্মতি ক্রমে সভাপতি সকল সদস্যদের ধন্যবাদ জ্ঞাপণ করে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

  
(নাছরিন সুলতানা মুক্তি)  
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
ইটনা, কিশোরগঞ্জ।